Rupali Life
Insurance Company Limited

# পরিচালক মন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত শেয়ারহোল্ডার বৃন্দ,
আস্‌সালামু আলাইকুম,

রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড এর পরিচালকমন্ডলীর পক্ষ থেকে ২৪তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাতে পেরে আমরা আনন্দিত। এই সুন্দর সকালে কোম্পানীর ২৪তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানীর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাবসহ নিরীক্ষকদের প্রতিবেদন এবং পরিচালক মন্ডলীর বার্ষিক প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি। আপনাদের উপস্থিতি আজকের এ সাধারণ সভাকে সার্থক করে তুলবে বলে আমাদের বিশ্বাস।

## বাংলাদেশের অর্থনীতির গতিধারা

২০২২-২৩ অর্থ বছরে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধি ঘটেছে ৬.০৩ শতাংশ হারে, যা বলিষ্ঠ সামষ্টিক অর্থনৈতিক ভীত এর পরিচায়ক। ২০২২-২৩ অর্থ বছরে সেবা খাতে প্রবৃদ্ধি হ্রাস পেয়েছে ৫.৮৪ শতাংশ যা পূর্ববর্তী বছরে ছিল ৬.২৬ শতাংশ হারে। রাশিয়া ইউক্রেন যুদ্ধের কারণে ২০২৩ অর্থ বছরে শিল্প, প্রবৃদ্ধি হ্রাস পেয়ে ৮.১৮ শতাংশ হয়েছে। আরেকটি সম্ভাবনার চিত্র আমরা দেখি জিডিপিতে বেসরকারী বিনিয়োগের হিসাবে ২০২৩ অর্থ বছরের ২৬.০২ শতাংশ হয়েছে। সরকারী অর্থনৈতিক উন্নয়ন বজায় রাখার প্রচেষ্ঠায় বেসরকারী বিনিয়োগও উচ্চ পর্যায় বজায় রাখা সম্ভব হয়েছে।

## পূর্বাভাস ২০২৪

২০২৪ সালে প্রতিযোগিতার বাজারে অবতীর্ণ হতে কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করেছে ঃ

১. সারা দেশব্যাপী পলিসি বিক্রয় ব্যবস্থা সম্প্রসারণ
২. ইতোমধ্যে সফলভাবে পাইলটকৃত বিকল্প পলিসি বিতরণ ব্যবস্থার বাণিজ্যকরণ
৩. গ্রাহক সেবার উপর গুরুত্ব প্রদান
৪. ব্যবস্থাপনা ব্যয় আইনগত সীমার মধ্যে রাখার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ
৫. বিনিয়োগ আয় বৃদ্ধি
৬. বিচক্ষণতার সাথে ব্যবসা পরিচালনা
৭. মূল ব্যবসায়ের প্রবৃদ্ধি ও লাভজনককরণ।

## ব্যবসায়িক অর্জন ২০২৩

২০২৩ সালে কোম্পানী ২৩২৩.১২ মিলিয়ন টাকা প্রিমিয়াম অর্জন করেছে। ২০২২ সালে মোট প্রিমিয়াম ছিল ২১৩০.৫৪ মিলিয়ন টাকা। নিম্নে ৩ বৎসরের ব্যবসায়িক সচিত্র প্রতিবেদন তুলে ধরা হ'লঃ

| বিবরণ | ২০২৩ | ২০২২(হ্রাস)/ বৃদ্ধি | | ২০২১ (হ্রাস)/ বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|
| | (মিলিয়ন টাকা) | (%) | (মিলিয়ন টাকা) | (%) | (মিলিয়ন টাকা) |
| ১ম বর্ষ প্রিমিয়াম | ৭৯৭.৬৪ | (২.৭০) | ৮১৯.৭৬ | ১.৭৩ | ৮০৫.৭৮ |
| নবায়ন প্রিমিয়াম | ১৫২০.১৮ | ১৬.৫৩ | ১৩০৪.৫৭ | (২৩.৩২) | ১৭০১.২৬ |
| গ্রুপ প্রিমিয়াম | ৫.৩০ | (১৪.৬৫) | ৬.২১ | ৩৯.২৪ | ৪.৪৬ |
| মোট প্রিমিয়াম | ২৩২৩.১২ | ৯.০৪ | ২১৩০.৫৪ | (১৫.১৭) | ২৫১১.৫০ |



## আর্থিক ফলাফল

২০২৩ সালে রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ উল্লেখযোগ্য পরিমানে আর্থিক অগ্রগতি অর্জন করতে সক্ষম হয়েছে। বিস্তারিত বিবরণ নিম্নরূপ ঃ

| বিবরণ | ২০২৩ (মিলিয়ন টাকা) | (হ্রাস)/ বৃদ্ধি (%) | ২০২২ (মিলিয়ন টাকা) | (হ্রাস)/ বৃদ্ধি (%) | ২০২১ (মিলিয়ন টাকা) | (হ্রাস/বৃদ্ধি) (%) |
|---|---|---|---|---|---|---|
| প্রিমিয়াম আয় | ২৩২৩.১২ | ৯.০৪ | ২১৩০.৫৪ | (১৫.১৭) | ২৫১১.৫০ | ১.৪২ |
| লাইফ ফান্ড | ৫০১১.০৪ | (১.১২) | ৫০৬৭.৯৫ | (৪.১০) | ৫২৮৪.৫১ | ৪.৬২ |
| বিনিয়োগ | ৩০১৯.০৬ | (২.৩৪) | ৩০৯১.২৩ | (৪.৪৪) | ২৯৫৯.৯৪ | ১.৪০ |
| বিনিয়োগ আয় | ২৪০.৩৫ | (৮.১৭) | ২৬১.৭২ | (১৪.৩৮) | ৩০৫.৬৯ | ২২.৬৫ |
| ব্যবস্থাপনা ব্যয় | ৭৮৯.৫৫ | ০.৩২ | ৭৮৭.০১ | (১২.৬৭) | ৯০১.১৬ | (২.৩৮) |



## বিনিয়োগ বিশ্লেষণ

২০২৩ সালে ক্যাপিটাল মার্কেটে নেতিবাচক প্রভাব বিরাজমান ছিল। ২০২৩ সালে ১ম বর্ষ প্রিমিয়াম আয় কম এবং গ্রাহকদের দাবী বিগত বৎসরের তুলনায় ৩৬.২৩ মিলিয়ন বেশি পরিশোধ হওয়ায় আলোচ্য বৎসরে বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৩০১৯.০৬ মিলিয়ন টাকা।

কোম্পানীর বিগত ৫ বৎসরের বিনিয়োগের একটি চিত্র নিম্নে তুলে ধরা হ'ল ঃ

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | ২০২৩ | ২০২২ | ২০২১ | ২০২০ | ২০১৯ |
|---|---|---|---|---|---|
| স্থায়ী আমানত ক্রয় | ৫৬৬.৫৬ | ৬৫০.১৪ | ৬৩১.৬৫ | ৫৫২.৪৪ | ৯০১.৯৬ |
| সরকারী সিকিউরিটিজ ক্রয় | ২১২১.০৮ | ২১০৬.৪৯ | ২০৭৯.৬৩ | ২০৩৪.৯২ | ১,২৭১.৯১ |
| আরএলআই প্রথম মিউ. ফা. | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| কোম্পানীর শেয়ার ক্রয় | ৩৬.৬৩ | ৩৬.৫৩ | ৪৮.৬৬ | ৩৮.১৫ | ১৩.৬০ |
| পলিসি ঋণ ও অন্যান্য ঋণ | ৯৪.৭৭ | ৯৮.০৬ | ৯৮.২৭ | ৯৩.৫৭ | ৮৭.০০ |
| মোট | ৩০১৯.০০ | ৩০৯১.২২ | ৩০৫৮.২১ | ২৯১৯.০৮ | ২,৪৭৪.৪৭ |
| বৃদ্ধি/হ্রাস | (৭২.১৮) | ৩৩.০০ | ১৩৯.১৩ | ৪৪৪.৬১ | ২৩৩.৩১ |
| বৃদ্ধি/হ্রাস (%) | (২.৩৪) | ১.০৮ | ৪.৭৭ | ১৭.৯৭% | ১০.৪১% |




## লাইফ ফান্ড

চলতি বছরে কোম্পানীর লাইফ ফান্ড ৫৬.৯১ মিলিয়ন হ্রাস পেয়েছে যা কিনা বিগত বৎসরের তুলনায় ১.১২% কম। মূলতঃ চলতি বৎসরে পূর্ববর্তী বছরের তুলনায় বীমা দাবী পরিশোধ বৃদ্ধি পাওয়ার কারণে চলতি বৎসরের লাইফ ফান্ড হ্রাস পেয়েছে। বিগত ৫ বৎসরের লাইফ ফান্ডের হার নিম্নরূপঃ

| বৎসর | ২০২৩ | (বৃদ্ধি%) | ২০২২ | (বৃদ্ধি%) | ২০২১ | (বৃদ্ধি%) | ২০২০ | (বৃদ্ধি%) | ২০১৯ | (বৃদ্ধি%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লাইফ ফান্ড | ৫০১১.০৪ | (১.১২%) | ৫০৬৭.৯৫ | (৪.১০%) | ৫২৮৪.৫১ | ৪.৬২% | ৫০৫১.০৭ | ৬.০২% | ৪৭৬৪.৩৭ | ৫.৭৮% |






## নীট সম্পদ মূল্য, ইপিএস ও অপারেটিং ক্যাশ ফ্লো

নীট সম্পদ মূল্য (NAV), শেয়ার প্রতি আয় (EPS) ও অপারেটিং ক্যাশ ফ্লো কোম্পানীর আর্থিক গতিধারা বিশ্লেষনে সহায়তা করে। এ সূচক কোম্পানীর আর্থিক অগ্রগতির একটি পরিমাপকও বটে। এ্যাকচুয়ারীয়াল ভ্যালুয়েশনের উপর ভিত্তি করে রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড এর বিগত ৫ বৎসরের নির্ণীত নীট সম্পদ মূল্য, শেয়ার প্রতি আয়, নীট অপারেটিং ক্যাশ ফ্লো ও শেয়ার প্রতি নীট অপারেটিং ক্যাশ ফ্লো নিম্নে দেয়া হল ঃ

| বিবরণ | ২০২৩ | ২০২২ | ২০২১ | ২০২০ | ২০১৯ |
|---|---|---|---|---|---|
| নীট সম্পদ (০০০ টাকায়) | ৮৮৪,৬৭৭ | ৭৬৭,৯১২ | ৭৬৭,৯১২ | ৭৬২,০২৭ | ৭৫৬,২৫৮ |
| ভ্যালুয়েশন উদ্বৃত্ত (০০০ টাকায়) (শেয়ার হোল্ডার অংশ) | ৩৯৯,৪৬ | ৩৭,৭২৬ | ৫৯,১৭৩ | ৫১,২৫৬ | ৪৮,০৬৮ |
| শেয়ারের সংখ্যা | ৩০০,১৪,২৩৬ | ৩০,০১৪,২৩৬ | ৩০,০১৪,২৩৬ | ২৯,৪২৫,৭২২ | ২৮,৮৪৮,৭৪৮ |
| শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য | ২৯.৫৮ | ২৫.৫৮ | ২৫.৫৮ | ২৫.৯০ | ২৬.২১ |
| শেয়ার প্রতি আয় | ১.৩৩ | ১.২৬ | ১.৯৭ | ১.৭৬ | ১.৬৭ |
| নীট অপারেটিং ক্যাশ ফ্লো (০০০ টাকায়) | (১৬৪১২৪) | (৩৪৯৫৬০) | (১৫৪৯৭১) | ৩৬৮৩ | (১৯৭৫০.৮০) |
| শেয়ার প্রতি নীট অপারেটিং ক্যাশ ফ্লো | (৫.৪৬) | (১১.৬৫) | (-)৫.১৬ | ০.১৩ | (-) ০.৬৮ |

## ব্যবস্থাপনা ব্যয়

বর্তমান বৎসরে কোম্পানীর ব্যবস্থাপনা ব্যয় বিগত বৎসরের চেয়ে ০.৩২% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ব্যবস্থাপনা ব্যয়ের একটি পরিসংখ্যান দেয়া হলঃ

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | ২০২৩ | ২০২২ | ২০২১ | ২০২০ | ২০১৯ |
|---|---|---|---|---|---|
| ব্যবস্থাপনা ব্যয় | ৭৮৯.৫৬ | ৭৮৭.০১ | ৯০১.১৬ | ৯২৩.১৪ | ৯৫৫.০৪ |
| মোট প্রিমিয়াম | ২৩২৩.১২ | ২১৩০.৫৪ | ২৫১১.৫০ | ২৪৭৬.৪৪ | ২,৩৭৬.০০ |
| মোট প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের হার(%) | ৩৩.৯৯% | ৩৬.৯৩% | ৩৫.৮৮% | ৩৭.২৮% | ৪০.২০% |

চলতি বৎসর কোম্পানীর ব্যবস্থাপনা ব্যয় বীমা আইনে অনুমোদিত সীমার চেয়ে ৩৯৯,১৫,৯৮১ টাকা কম হয়েছে এবং এ ধারা আগামী বৎসরগুলোতে অব্যাহত থাকবে বলে আশা করছি। পুরনো আইন অনুযায়ী কোম্পানীর প্রতিষ্ঠাকালীন সময়ে প্রিমিয়াম রেট নির্ধারণ করা হয়। সে সময় যে ব্যবস্থাপনা ব্যয় বিবেচনা করে রেট নির্ধারণ করা হয়েছিল সে তুলনায় সকল খরচ প্রায় ১০০% বৃদ্ধি পেয়েছে। এছাড়া বিভিন্ন খরচের উপর নতুন নতুন কর ধার্য করা হয়েছে বিধায় ব্যবস্থাপনা ব্যয় ১৯৫৮ সালের বীমা বিধি ও Insurance Act. ২০১০ দ্বারা নির্ধারিত ব্যয় অনুমোদিত সীমার মধ্যে রাখা কঠিন হয়ে পড়েছে। তবে বিচক্ষণ ব্যয় নীতি ও নিয়ন্ত্রনের কারনে বিগত বছরগুলোতে আমাদের ব্যবস্থাপনা ব্যয় অনুমোদিত সীমার চেয়ে কম হয়েছে।

## সলভেন্সী মার্জিন

সলভেন্সী মার্জিন হ'ল কোম্পানীর অর্থনৈতিক মাপকাঠির অন্যতম একটি। বীমা আইনের ৪৩ ধারায় প্রতিটি বীমা কোম্পানীকে সলভেন্সী মার্জিন সংরক্ষনের কথা বলা হয়েছে। সলভেন্সী মার্জিন দ্বারা একটি কোম্পানীর আর্থিক সক্ষমতা কেমন তা বুঝানো হয়ে থাকে। রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ-এর বিগত ৪ বছরের সলভেন্সী মার্জিন-এর একটি হিসাব নিম্নে প্রদত্ত হল ঃ

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | ২০২৩ | ২০২২ | ২০২১ | ২০২০ | ২০১৯ |
|---|---|---|---|---|---|
| ক) সলভেন্সী মার্জিন নির্ধারণে মোট সম্পদের মূল্য | ৫৯৯৫.৩৩ | ৫৮৫৩.২৫ | ৬০৫০.৫৫ | ৫৭১৭.৮৫ | ৫,৩৭৪.৯৫ |
| i) পলিসি হোল্ডারগণের নিকট দায় | ৪৬২২.৩২ | ৪৫৮৩.২০ | ৪৬৪৮.৫৮ | ৪৫৩১.৫১ | ৪,২৮২.১৬ |
| ii) আর্থিক বিবরণী অনুযায়ী অন্যান্য দায় | ৪২৫.৪৯ | ৩৫০.০৬ | ৩৪৬.৭৯ | ২৬৬.৩৯ | ২,৩৯.৯৬ |
| খ) মোট দায় (i+ii) | ৫০৪৭.৮১ | ৪৯৩৩.২৬ | ৪৯৯৫.৩৭ | ৪৭৯৭.৯০ | ৪,৫২২.১২ |
| গ) নীট সলভেন্সী মার্জিন (ক-খ) | ৯৪৭.৫২ | ৯১৯.৯৯ | ১০৫৫.১৮ | ৯১৯.৯৫ | ৮৫২.৮৩ |
| ঘ) প্রয়োজনীয় সলভেন্সী মার্জিন (দায়ের ৪%) | ২০১.৯১ | ১৯৭.৩৩ | ১৯৯.৮১ | ১৯১.৯২ | ১৮০.৮৮ |
| ঙ) সলভেন্সী মার্জিন অনুপাত | ৪.৬৯ | ৪.৬৬ | ৫.২৮ | ৪.৭৯ | ৪.৭১ |

## দাবী নিস্পত্তি

রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড বীমা দাবীর সঠিক মূল্যায়নে প্রতিশ্রুতিবদ্ধ। কোম্পানী স্বল্পতম সময়ে বীমা দাবী নিস্পত্তি করে থাকে। বিগত ৫ বৎসরের দাবী পরিশোধের একটি চিত্র নিম্নে তুলে ধরা হ'ল

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | ২০২৩ | ২০২২ | ২০২১ | ২০২০ | ২০১৯ |
|---|---|---|---|---|---|
| মৃত্যু দাবী | ৪০.৮৮ | ৪০.১২ | ২৭.৯৬ | ৩০.১২ | ২৪.৮৩ |
| মেয়াদপূর্তি দাবী | ৭০৩.৭৪ | ৭১২.৯২ | ৬১৯.১৯ | ৫৮৬.৬০ | ৫০৮.৯৭ |
| সারভাইভাল | ৪৫২.৭৮ | ৪৩৪.০১ | ৪৮৭.৮২ | ৪৬৩.৬৬ | ৪৯৫.০৫ |
| পলিসি বোনাস | ৫১৫.৭৭ | ৪৮৬.৮৯ | ৩৯২.৩৭ | ৩১০.৯২ | ২৫৯.১৫ |
| সমর্পন মূল্য | ১৪.৯৮ | ১৮.০৩ | ১০.৯৩ | ৭.৫৭ | ১০.১১ |
| মোট | ১৭২৮.২০ | ১৬৯১.৯৭ | ১৫৩৮.২৭ | ১,৩৯৮.৮৭ | ১,২৯৮.১১ |
| মোট প্রিমিয়াম | ২৩২৩.১২ | ২১৩০.৫৪ | ২৫১১.৫০ | ২৪৭৬.৪৪ | ২,৩৭৬.০০ |
| শতকরা হার (মোট প্রিমিয়ামের) | ৭৪.৩৯ | ৭৯.৪২ | ৬১.২৫ | ৫৬.৪৯% | ৫৪.৬৩% |



## কোম্পানীর মোটরযান সম্পর্কিত তথ্য

কোম্পানীর ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত মোটর গাড়ীর সংখ্যা ৮৩টি। উল্লেখিত ৮৩টি গাড়ীর বর্তমান বুক ভ্যালু ২,৬৪,৪১,৩৮৫/- টাকা।

## মিউচুয়াল ফান্ড

বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত রূপালী লাইফ ১ম মিউচ্যুয়াল ফান্ড রয়েছে। যার ব্যবস্থাপনায় রয়েছে প্রাইম ফাইন্যান্স এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড। ২০২৩ সালে রূপালী লাইফ ১ম মিউচ্যুয়াল ফান্ড ০.৭০ শতাংশ নগদ লভ্যাংশ প্রদান করে।

## পূঁজি বাজার অবস্থান

মুক্ত বাজার অর্থনীতিতে পুঁজিবাজার তার স্বাভাবিক বৈশিষ্ট্যে অতিক্রম করছে। চলতি বৎসরে কোম্পানীর শেয়ারের মূল্য ৯১ থেকে ২১০টাকার মধ্যে উঠানামা করেছে। কোম্পানীর শেয়ারের হিসাব বিশ্লেষনে দেখা যায় যে, ২০২৩ সালে পূঁজি বাজারের ৩০০১৪২৩৬টি শেয়ারের মধ্যে ৩২.০৭% উদ্যোক্তা পরিচালকগণের হিসাবে, বিভিন্ন প্রতিষ্ঠানের হিসেবে ১৪.১২% ও ৫৩.৮১% সাধারণ জনগণের হাতে রয়েছে। কোম্পানীর প্রতি বিনিয়োগকারীদের দৃঢ় আস্থা স্থাপনের কারনেই এ অবস্থা। কোম্পানীর প্রতি এই বিশ্বাস ও আস্থা স্থাপনের জন্য আমরা সম্মানিত বিনিয়োগকারীদের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।




## গ্রাহক সেবা ও সুরক্ষা

লাইফ ইনসিওরেন্স কোম্পানীর জন্য গ্রাহক সেবা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সেই লক্ষ্যে রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড গ্রাহকবৃন্দের প্রত্যাশা পূরণ ও সর্বোচ্চ সন্তুষ্টি অর্জনের জন্য সব সময় কার্যক্রম চালিয়ে যাচ্ছে। প্রিমিয়াম গ্রহণ পদ্ধতি সহজকরণ, মেয়াদোত্তীর্ন দাবী, মরণোত্তর দাবী, ঋণ প্রদান, সারভাইভ্যাল বেনিফিটসহ যাবতীয় কার্যক্রম অত্যন্ত দ্রুততম সময়ের মধ্যে সম্পাদন করছে। গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে কোম্পানী কেন্দ্রীয় কার্যালয়ে গ্রাহক ডেস্ক খুলে গ্রাহকের চাহিদা অনুযায়ী সেবা প্রদানের সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে। বর্তমানে রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড গ্রাহক সেবা প্রদানে যাবতীয় কার্যক্রম অত্যাধুনিক পদ্ধতি অবলম্বন করছে। বিগত বৎসর থেকে BEFTN-এর মাধ্যমে গ্রাহকদের পাওনা দ্রুত নিষ্পত্তিকল্পে তাদের হিসাব নম্বরে পৌছে দেয়ার ব্যবস্থা কোম্পানী চালু রেখেছে। লাইফ ইনসিওরেন্স কোম্পানী গুলোর মধ্যে এই পদ্ধতিটি সর্ব প্রথম রূপালী লাইফ ইনসিওরেন্স চালু করেছে। Dhaka Bank Ltd, Social Islami Bank Ltd, Dutch Bangla Bank Ltd, Southeast Bank Ltd., One Bank Ltd. & Mercantile Bank Ltd. এ প্রক্রিয়ার অংশীদার হিসাবে কাজ করছে। এছাড়াও কোম্পানীর সম্মানিত গ্রাহকগণের প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে সহজ ও আধুনিকায়নের জন্য Mobile Financial Service যথাক্রমে-Bkash, Nagad, Rocket & TAP এর মাধ্যমে প্রিমিয়াম গ্রহণ করছে। আমরা আশা করছি ভবিষ্যতে নতুন নতুন পদ্ধতির মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন ও পরিধির বিস্তৃতি ঘটানো হবে।

এছাড়াও গ্রাহকদের স্বার্থরক্ষা ও দ্রুততম সময়ে অভিযোগ সমূহের সমাধানকল্পে "বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ"-এর নির্দেশনা ইতোমধ্যে কোম্পানীর পরিচালনা পর্ষদ কর্তৃক ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট গ্রাহক সুরক্ষা কমিটি গঠন করা হয়েছে।

## ইনফরমেশন টেকনোলজি

তথ্য সেবা অধিকার আইন সরকার পাশ করেছে। তাই পলিসি হোল্ডারসহ, উদ্যোক্তা, বিনিয়োগকারী, জনসাধারণকে দ্রুত ও উন্নত সেবা প্রদানের জন্য রূপালী লাইফ তার আইটি বিভাগকে সমৃদ্ধ করার আপ্রান চেষ্টা চালিয়ে যাচ্ছে। গ্রাহকগণ তাদের পলিসি সংক্রান্ত সার্বিক ও সর্বশেষ তথ্য অনেক আগে থেকেই মোবাইল এসএমএস-এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে জানতে পারছেন। সার্ভিস সেলগুলোতে কম্পিউটার সাপোর্টের মাধ্যমে অনলাইন ব্যবস্থা চালু আছে। কোম্পানীর প্রধান কার্যালয় কর্তৃক যে কোনো ধরনের প্রতিকূল পরিস্থিতি দ্রুততার সাথে মোকাবেলার জন্য ও গ্রাহকগণকে তাৎক্ষনিক সেবা প্রদানের কাজ অব্যাহত গতিতে চলছে। গ্রাহকগণ যাতে আরও সহজভাবে সেবা পেতে পারেন তার জন্য রিয়েল টাইম অনলাইন ব্যবস্থা চালু করা হয়েছে। IDRA কর্তৃক প্রণীত নতুন কমিশন নীতিমালা ইনফরমেশন টেকনোলজিতে সংযোজন করে তা ইতিমধ্যে চালু করা হয়েছে। ফলে উন্নয়ন কর্মীগণও তাদের প্রাপ্য পাওনা যথাসময়ে পেয়ে যাচ্ছেন।

## এ্যাকচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন

কোম্পানী বীমা আইন অনুযায়ী দেশের স্বনামধন্য এ্যাকচুয়ারি জনাব মোহাম্মদ সোহরাব উদ্দিন, পি.এইচ.ডি, এআইএ কর্তৃক কোম্পানীর বিদ্যমান পলিসি সমূহের দায় নির্ধারন করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত কোম্পানীর এ্যাকচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে এবং কোম্পানীর দায় ও পরিসম্পদের মূল্যায়ন করা হয়েছে।

## লভ্যাংশ

এ্যাকচ্যুয়ারীর সুপারিশ অনুযায়ী কোম্পানীর পরিচালনা পর্ষদ ২০২৩ সালের সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও এ্যাকচুয়ারীয়াল ভ্যালুয়েনের সুপারিশের ভিত্তিতে কোম্পানীর পরিশোধিত মূলধন ৩০,০১,৪২,৩৬০/- টাকার উপর (১০ টাকার প্রতিটি শেয়ারের উপর) ১২% নগদ লভ্যাংশ প্রদানের প্রস্তাব করেন। যে সকল শেয়ারহোল্ডারের নাম রেকর্ড ডেট ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখে সিডিবিএল এর শেয়ার রেকর্ডে থাকবে, তাঁরাই এ লভ্যাংশ প্রাপ্য হবেন।

## পলিসি হোল্ডারদের বোনাস

বীমা আইনে এ্যাকচুয়ারী কর্তৃক ভ্যালুয়েশনে যে উদ্বৃত্ত নির্ণয় হয় তার শতকরা ৯০ ভাগ পলিসি হোল্ডারদের মধ্যে পলিসি বোনাস আকারে বিতরন করার বিধান আছে। উক্ত বিধান এবং এ্যাকচুয়ারীর সুপারিশ মোতাবেক রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ এর ২০২৩ সালের চালু পলিসির সম্মানিত গ্রাহকদের জন্য পলিসি বোনাস ঘোষনা করেছে। পলিসি বোনাসের একটি তুলনামূলক চিত্র নিম্নে প্রদত্ত হল ঃ

| পলিসির মেয়াদ | রিভার্সনারী বোনাসের হার (প্রতি হাজার টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০২৩ | ২০২২ | ২০২১ | ২০২০ | ২০১৯ |
| ৮ বছর থেকে ১৪ বছর পর্যন্ত | ৫০ টাকা | ৫০ টাকা | ৫০ টাকা | ৫০ টাকা | ৫০ টাকা |
| ১৫ বছর থেকে ১৯ বছর পর্যন্ত | ৫২ টাকা | ৫২ টাকা | ৫২ টাকা | ৫২ টাকা | ৫২ টাকা |
| ২০ বছর ও তদুর্ধ্ব | ৫৫ টাকা | ৫৫ টাকা | ৫৫ টাকা | ৫৫ টাকা | ৫৫ টাকা |

এখানে আরো উল্লেখ্য যে, লাভযুক্ত চালু পলিসি সমূহের মৃত্যুদাবী অথবা মেয়াদোত্তীর্ণ দাবীর ক্ষেত্রে পরবর্তী ভ্যালুয়েশন না হওয়া পর্যন্ত একই হারে বোনাস প্রদান করা হবে। লাভযুক্ত চালু পলিসি সমূহ যদি মৃত্যুদাবী ও মেয়াদোত্তীর্ণ দাবীতে পরিনত হয় সেক্ষেত্রে পরবর্তী ভ্যালুয়েশন না হওয়া পর্যন্ত নিম্নোক্ত হারে টার্মিনাল বোনাস প্রদান করা হবে ঃ

| পলিসির মেয়াদ | টার্মিনাল বোনাসের হার (প্রতি হাজার টাকায়) |
|---|---|
| ৮ বছর থেকে ১৪ বছর পর্যন্ত | ৫০ টাকা |
| ১৫ বছর ও তদুর্ধ্ব | ৬০ টাকা |

## ক্রেডিট রেটিং

বীমা আইনে প্রতি দুই বছর অন্তর প্রতিটি বীমা কোম্পানীর ক্রেডিট রেটিং করানো বাধ্যতামূলক করা হয়েছে। ২০২৩ সালের হিসাবের উপর ভিত্তি করে রেটিং প্রতিষ্ঠান CRAB দ্বারা কোম্পানীর রেটিং করানো হয়েছিল এবং কোম্পানী অর্থনৈতিক অবস্থার উপর ভিত্তি করে $A_2$ রেটিং অর্জন করে।

## ২০২৪ সালের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা

২০২৪ সাল কোম্পানীর জন্য নতুন চ্যালেঞ্জ নিয়ে এসেছে। এই চ্যালেঞ্জকে সফলভাবে মোকাবেলা করার জন্য কোম্পানী সময়োপযোগী বিপনন কৌশল গ্রহন করেছে। কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ২০২৪ সালের জন্য ১ম বর্ষ ও নবায়ন প্রিমিয়াম অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে ২,৮৫০ মিলিয়ন টাকা। আমাদের প্রত্যাশা পূরন হবে ইনশাআল্লাহ।

## পুনঃবীমা

Barent Reinsurance S A-এর সাথে কোম্পানীর পুনঃ বীমা চুক্তি চালু আছে।

## মানব সম্পদ

আমরা বিশ্বাস করি, মানব সম্পদ হচ্ছে একটি প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত মূলবান সম্পদ। জীবন বীমা ব্যবসায় সাফল্য নির্ভর করে বিশেষভাবে প্রশিক্ষিত মানব সম্পদের উপর। আধুনিক বিশ্বে মানুষ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সাফল্যের শিখরে পৌছতে সক্ষম হচ্ছে। মানুষ আজ কেবল প্রযুক্তিকে অনুকরণ নয় বরং শৈল্পিক চিন্তাভাবনা, দায়িত্বশীলতা, উদ্বুদ্ধকরণ এমনকি সাংস্কৃতিক মূল্যবোধ সৃষ্টিতেও ছাপিয়ে যাচ্ছে। মানুষের অনুকরণীয় বুদ্ধিমত্তা সকল প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি কোম্পানী অবকাঠামো কিংবা অন্যান্যখাতে বিনিয়োগ পরিচালনা করে বুদ্ধিমত্তার সাথে কোম্পানীর সাফল্য এবং ধারাবাহিক সুযোগ সুবিধা অর্জন করে থাকে।

আমরা জানি- একটি স্বাস্থ্যকর কর্মপরিবেশ কর্মকর্তা-কর্মচারীরা তার কাজকে উপভোগ করে থাকে। সুন্দর ও মনোরম পরিবেশে তারা কাজ করতে স্বাচ্ছন্দ্যবোধ করে। সময়ের প্রয়োজনে এবং চাহিদা পূরণের জন্য আমরা প্রাথমিক স্তরে নতুন জনশক্তির পাশাপাশি মধ্যম এবং উচ্চ স্তরে প্রয়োজনীয় দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা নিয়োগ দিয়ে থাকি। এছাড়া উন্নয়ন এবং প্রশাসনিক কর্মকর্তাদের পেশাগত মান উন্নয়নের জন্য প্রধান কার্যালয় ও অন্যান্য অফিস সমূহে কোম্পানীর প্রশিক্ষণ বিভাগের মাধ্যমে নিয়মিতভাবে ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়। মানব সম্পদের দক্ষতা অর্জনের জন্য আমরা আমাদের কর্মকর্তাদের বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন এবং দেশে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেরণ করে থাকি। পাশপাশি কোম্পানীর সার্বিক কর্মকান্ড এবং সেবার মান উন্নয়নের জন্য গবেষণা কর্মকান্ডকে গতিশীল করা হচ্ছে। সর্বোপরি আমরা আমাদের কোম্পানীর প্রতি দায়িত্বশীল, পেশাগত ক্ষেত্রে দক্ষ এবং আমাদের কর্পোরেট শ্লোগান হচ্ছে 'রূপালী জীবন-নিরাপদ জীবন'।

## ইসলামী বীমা ও শরীয়াহ বোর্ড

কোম্পানী ট্রেডিশনাল জীবন বীমার পাশাপাশি ইসলামী জীবন বীমা ব্যবসাও পরিচালনা করছে। দেশের বিশিষ্ট ও প্রাজ্ঞ ইসলামী চিন্তাবিদ ও বিশিষ্ট আলেমগণের সমন্বয়ে ইসলামী শরীয়াহ বোর্ড ইসলামী শরীয়াহ অনুসরন করে সকল প্রকার নীতি নির্ধারনী বিষয়ে সিদ্ধান্ত গ্রহন ও তা বাস্তবায়ন করে থাকেন। প্রখ্যাত আলেম ড. মাওলানা মুফতি কাফিল উদ্দিন সরকার শরীয়াহ বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন।

## বিইএফটিএন ও মোবাইল ব্যাংকিং

গ্রাহকের পাওনা পরিশোধে রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড বদ্ধপরিকর, গ্রাহক যাতে দ্রুত সময়ের মধ্যে তাদের পাওনা পেয়ে যায়। তার জন্য কোম্পানীর সোস্যাল ইসলামী ব্যাংক ও সাউথইস্ট ব্যাংকের সাথে BEFTN কার্যক্রম চালু রয়েছে। এই সেবার মাধ্যমে কোম্পানীর গ্রাহকগণের সকল প্রকার পাওনা গ্রাহকের নির্দিষ্ট ব্যাংক হিসাবে সর্বোচ্চ ৪৮ ঘন্টার মধ্যে জমা হয়ে যায়। এর ফলে গ্রাহকগণ কোম্পানী থেকে চেক গ্রহণ ও তা ব্যাংকে জমা দিয়ে অর্থ সংগ্রহ করার বিড়ম্বনা থেকে রেহাই পাচ্ছেন এবং অর্থ সংগ্রহে সময় কম লাগছে।
এছাড়াও কোম্পানী ডাচ্ বাংলা ব্যাংক লিঃ ও সাউথইস্ট ব্যাংক লিঃ-এর সাথে মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালিয়ে যাচ্ছে। গ্রাহকদের পাওনাও মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। ফলে গ্রাহকগণ দ্রুত তাদের অর্থ/সেবা পাচ্ছেন।

বর্তমানে রূপালী লাইফ ইনসিওরেন্স কোং লিঃ এর সম্মানিত বীমা গ্রাহকগণ Bkash, Nagad, Roket & Tap-এর মাধ্যমে প্রিমিয়ামের টাকা জমা দিতে পারছেন। এছাড়াও সাউথইস্ট ব্যাংক, ওয়ান ব্যাংক, মার্কেন্টাইল ব্যাংক এবং সিটি ব্যাংকের মাধ্যমে সরাসরি প্রিমিয়ামের টাকা জমা দিতে পারেন।

BEFTN ও মোবাইল ব্যাংকিং পদ্ধতি বাংলাদেশের বীমা কোম্পানীগুলোর মধ্যে সর্বপ্রথম রূপালী লাইফ ইনসিওরেন্স চালু করেছে।

## বাংলাদেশের বীমা শিল্পের আধুনিকায়ন

আমাদের প্রত্যাশা, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও বৃদ্ধি পাবে। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জীবন বীমা শিল্প একটি অবিচ্ছেদ্য অংশ, যা প্রবৃদ্ধি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জীবনের ঝুঁকি বহন ছাড়াও জীবন বীমা সঞ্চয় অর্থনীতির প্রবৃদ্ধিতে সহায়ক হিসাবে কাজ করে। দেশে ৩৫টি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী বিদ্যমান থাকা সত্ত্বেও জীবন বীমা পেনিট্রেশনের হার ০.৫ শতাংশ, যা জীবন বীমা শিল্পের অনুন্নত অবস্থা প্রকাশ করে। এই খাতের ভবিষ্যৎ উন্নয়ন সরকারের সার্বিক সহযোগিতার উপর নির্ভরশীল ।

## শিল্প বাজার প্রতিযোগিতা

বর্তমানে ৩৫টি কোম্পানীর ব্যবসায়িক প্রতিযোগিতায় অনেক অসম প্রতিযোগিতা বিরাজ করছে। নতুন কোম্পানীগুলো বাজারে আসার ফলে অসম প্রতিযোগিতা আরো বৃদ্ধি পেয়েছে। তথাপিও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা বাজারে শৃঙ্খলা ফিরিয়ে আনার লক্ষ্যে কঠোর পদক্ষেপ গ্রহণ করবে বলে আমাদের বিশ্বাস। প্রতিযোগিতামূলক বাজারে রূপালী লাইফ ইনসিওরেন্স কোং লিঃ ন্যায়নীতি বজায় রেখে অগ্রসর হচ্ছে ও ব্যবসা ক্রমান্বয়ে বৃদ্ধির লক্ষ্যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তাই এই যাত্রায় সকল শুভানুধ্যায়ীবৃন্দের সহযোগিতা একান্ত কাম্য।

## সামাজিক অঙ্গীকার

গ্রাহক সেবার পাশাপাশি কোম্পানী তার সামাজিক দায়বদ্ধতার কথাও বিবেচনা করে থাকে। ইসলামী মূল্যবোধ সমুন্নত রাখার লক্ষ্যে কোম্পানী প্রতি বৎসর প্রধান কার্যালয় এবং বিভিন্ন সার্ভিস সেল ও সাংগঠনিক অফিসে যথাযথ ধর্মীয় মর্যাদায় পবিত্র রমজান মাসে ইফতার মাহফিলসহ অন্যান্য কর্মসূচী পালন করে থাকে। এছাড়াও ব্যবসায়িক প্রতিযোগিতার মাধ্যমে কোম্পানী দক্ষ কর্মীদেরকে বাছাই করে তাদেরকে কোম্পানীর নিজস্ব ব্যয়ে মহান পবিত্র হজ্জ্বব্রত পালনের সুযোগ দিয়ে থাকে। আমরা সামাজিক কর্মকান্ডের এ ধারা অব্যাহত রাখতে অঙ্গীকারাবদ্ধ। প্রাকৃতিক দূর্যোগ, বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদির কারণে ক্ষতিগ্রস্থদের সাহায্যের মাধ্যমেও কোম্পানী সামাজিক দায়িত্ব পালন করে থাকে।

## প্রাতিষ্ঠানিক সুশাসন

প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা, জবাবদিহিতা, ন্যায় বিচার ও তথ্য প্রবাহের যথার্থতা মূলতঃ নিহীত রয়েছে প্রাতিষ্ঠানিক সুশাসনের মধ্যে। রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড প্রাতিষ্ঠানিক সুশাসনের বিষয়ে যথেষ্ট ওয়াকিবহাল ও অত্যন্ত যত্নবান। পরিচালনা পর্ষদ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের জারিকৃত বিগত ০৩ জুন ২০১৮ তারিখের নোটিফিকেশন নং- বিএসইসি/সিএমআরআরসি ডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০-এর আলোকে কোম্পানীর আর্থিক বিবরণীর ক্ষেত্রে এই নিশ্চয়তা দিচ্ছে যেঃ -

ক) কোম্পানী আইন-১৯৯৪, বীমা আইন ২০১০ প্রযোজ্য ক্ষেত্রে বীমা আইন ১৯৩৮ এবং সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন বিধিমালা ২০২০ অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ এবং সংযুক্ত টীকাসমূহ তৈরী করা হয়েছে। এ বিবরণীসমূহ কোম্পানীর আর্থিক অবস্থা সমাপ্ত বছরের কার্যক্রমের ফলাফল এবং নগদ অর্থ প্রবাহের সুষ্ঠ প্রতিফলন করে।

খ) কোম্পানীর হিসাব বহিসমূহ সঠিকভাবে সংরক্ষিত হয়েছে।

গ) আর্থিক বিবরণীসমূহ তৈরিতে সঠিক হিসাব নীতিমালাসমূহ যথাযথভাবে প্রয়োগ করা হয়েছে। তবে যেখানে এর ব্যত্যয় ঘটেছে তা প্রকাশ করা হয়েছে। হিসাব অনুমানসমূহ যুক্তিসঙ্গতভাবে ও বিচক্ষণতার সাথে করা হয়েছে।

ঘ) আন্তর্জাতিক হিসাবমান অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে।

ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুদৃঢ়ভাবে প্রণীত যার প্রয়োগ এবং পর্যবেক্ষণ অতীব কার্যকর।

চ) চলমান প্রতিষ্ঠান হিসাবে কোম্পানীর সক্ষমতায় বিন্দুমাত্র কোন সন্দেহ নেই।

ছ) নিয়ন্ত্রণকারী শেয়ারহোল্ডারগণ কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গৃহীত বিনিয়োগ স্বার্থ পরিপন্থী সিদ্ধান্ত থেকে ক্ষুদ্র বিনিয়োগকারীগণ সুরক্ষিত।

জ) অন্তর্বর্তীকালীণ লভ্যাংশ হিসেবে কোন প্রকার বোনাস শেয়ার বা স্টক ডিভিডেন্ড প্রদান করা হয়নি।

ঝ) প্রতিবেদনকালীন সময়ে কোন অস্বাভাবিক কার্যক্রম সংঘটিত হয়নি।

ঞ) বিগত বছরের কার্যক্রমের তুলনায় তেমন গুরুত্বপূর্ণ কোন বিচ্যুতি নেই।

## পরিচালক মন্ডলীর নির্বাচন

### উদ্যোক্তা পরিচালক/পরিচালক

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশনের ৯৫তম অনুচ্ছেদ অনুযায়ী নিম্নের উদ্যোক্তা পরিচালক/পরিচালকগণ ২৪তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং তাঁরা যোগ্য বিধায় পুনরায় নির্বাচনে ইচ্ছা প্রকাশ করেছেনঃ

১। জনাব মনিরুল হাসান খান

২। জনাব মোঃ আলমগীর

৩। জনাবা বেন আফরোজ

## পাবলিক সাবস্ক্রাইবার পরিচালক

কোম্পানীর সংঘ বিধির ৯৫ অনুচ্ছেদ এবং বীমা আইন ২০১০-এর ৭৬ ধারা মোতাবেক পাবলিক সাবস্ক্রাইবার এর মধ্য হতে ৬ (ছয়) জন পরিচালক নির্বাচিত হবেন। বিধি মোতাবেক পাবলিক সাবস্ক্রাইবার পরিচালক পদে নির্বাচনে অংশ গ্রহণের জন্য মনোনয়ন চেয়ে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে এবং নির্ধারিত সময়ে নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। নির্বাচনের ফলাফল অত্র বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হবে।

## নিরপেক্ষ পরিচালক

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নোক্ত ব্যক্তিগণের নিয়োগ ২২তম বার্ষিক সাধারণ সভায় নিরপেক্ষ পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়। উক্ত ব্যক্তিগণের নিয়োগের মেয়াদ নিয়োগ পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য বলবৎ থাকবে।

১. জনাব মোঃ গিয়াস উদ্দিন

২. জনাব মোঃ শামীম খান।

## মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম

বর্তমান বিশ্বে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন একটি গুরুত্বপূর্ন বিষয়। জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম কিভাবে জোরদার করা যায় তার উপায় ও পন্থা বের করার নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সদস্য হওয়ায় জাতীয় ও আন্তর্জাতিক প্রয়োজনে উক্ত কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইনটেলিজেন্স ইউনিট (BFIU) এর মাধ্যমে চালিয়ে যাচ্ছে। অবৈধ উপায়ে অর্জিত অর্থের উৎস গোপন করে বৈধ মাধ্যমের সাহায্যে সেই অর্থ শুদ্ধ করার প্রচেষ্টায় লিপ্ত হওয়া বা করাই মানিলন্ডারিং। এ অবৈধ অর্থই ব্যবহৃত হচ্ছে দেশ বিদেশের বিভিন্ন সন্ত্রাসী কার্যক্রমে। ফলে একদিকে যেমন বিশ্ব শান্তি ব্যাহত হচ্ছে অন্যদিকে উন্নয়ন ও পরিকল্পিত অর্থনীতিকে করছে বাধাগ্রস্থ। ইতিমধ্যে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে এন্টি মানিলন্ডারিং আইন ও সন্ত্রাস বিরোধী আইন প্রনয়ন করা হয়েছে। উক্ত আইনে বীমা কোম্পানীকে সরকার জবাবদিহিতায় এনেছে। সেই লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের BFIU এর নির্দেশনা মোতাবেক রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে গাইড লাইন প্রনয়নসহ কেন্দ্রীয়ভাবে CAMLCO (প্রধান এন্টি মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা) নিয়োগ প্রদান করেছে। পরবর্তীতে সার্ভিস সেল সমূহে BAMLCO (শাখা এন্টি মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা) নিয়োগ প্রদান করা হয়েছে। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমে সার্ভিস সেল সমূহে প্রশিক্ষন প্রদান করা হচ্ছে, যা চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ STR (সন্দেহজনক লেনদেন) সনাক্তকরনে নিরন্তন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তাই সর্বোপরি বলা যায় রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড এর বোর্ড, ব্যবস্থাপনা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বর্তমানে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনা করছে ও ভবিষ্যতে উক্ত দায়িত্ব পালনে বদ্ধ পরিকর।

## নিরীক্ষক নিয়োগ

কোম্পানীর বর্তমান নিরীক্ষক বসু ব্যানার্জি নাথ এন্ড কোং, চাটার্ড একাউন্টেন্টস কোম্পানীর নিরীক্ষক হিসাবে মেয়াদ শেষ হবে ২৪তম বার্ষিক সাধারণ সভায়। তারা ২০২৪ সালের জন্য পুনরায় কোম্পানীর হিসাব নিরীক্ষক হিসেবে পুন:নিয়োগ প্রাপ্তি ইচ্ছা প্রকাশ করেছেন। পরিচালনা পর্ষদ "বসু ব্যানার্জী নাথ এন্ড কোং, চাটার্ড একাউন্টেন্টস" ফার্মকে ২০২৪ সালের সমাপ্ত বছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসাবে নিয়োগের সুপারিশ করে, যা কোম্পানীর ২৪তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

## কর্পোরেট গভর্নেন্স-এর নিরীক্ষক নিয়োগ

নিয়ম অনুযায়ী কোম্পানীর বর্তমান কর্পোরেট গর্ভনেন্স নিরীক্ষক "আশরাফ উদ্দিন এন্ড কোং" চাটার্ড একাউন্টেন্টস, এর মেয়াদ কোম্পানীর ২৪তম বার্ষিক সাধারণ সভায় শেষ হবে। তারা ২০২৪ সালের জন্য কোম্পানীতে নিরীক্ষক হিসাবে পুনঃনিয়োগদানের জন্য ইচ্ছা প্রকাশ করেছেন। পরিচালনা পর্ষদ "আশরাফ উদ্দিন এন্ড কোং" চাটার্ড এ্যাকাউন্টন্টেস ফার্মকে ২০২৪ সালের জন্য কর্পোরেট গর্ভনেন্স এর নিরীক্ষক হিসাবে নিয়োগ সুপারিশ করেছে যা কোম্পানীর ২৪তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

## বীমাকারীর কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন নিরীক্ষার জন্য নিরীক্ষক নিয়োগ

২০২৪ সালের জন্য "বীমাকারীর কর্পোরেট গর্ভন্যান্স গাইডলাইন" নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে দায়িত্ব পালনের জন্য জেসমিন এন্ড এসোসিয়েটস চাটার্ড সেক্রেটারিজ ফার্ম নিয়োগ পাওয়ার জন্য আবেদন করেছেন। সম্মানিত পরিচালকবৃন্দ জেসমিন এন্ড এসোসিয়েটস চাটার্ড সেক্রেটারিজ ফার্মকে ২০২৪ সালের "বীমাকারীর কর্পোরেট গর্ভন্যান্স গাইডলাইন"-এর নিরীক্ষক হিসেবে নিয়োগের সুপারিশ করেছে, যা কোম্পানীর ২৪তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগনের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

## শেয়ারহোল্ডারগণের সাথে যোগাযোগ ও সম্পর্ক

শেয়ারহোল্ডারদের স্বার্থকে আমরা সবসময় সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে থাকি যাতে কোম্পানীর শেয়ারহোল্ডারগণ শেয়ার বিভাগে এসে তাঁদের কাঙ্খিত তথ্য ও মানসম্মত সেবা পেতে পারেন। কোম্পানী একটি আধুনিক ও যুগোপযোগী "শেয়ার সফটওয়্যার" এর মাধ্যমে শেয়ারহোল্ডারদেরকে প্রয়োজনীয় সেবা ও তথ্য মানসম্মত প্রদানের ব্যবস্থা করেছে। জন্মলগ্ন থেকে এ প্রতিষ্ঠান কোম্পানী আইন ১৯৯৪ এর বিধি-বিধান মোতাবেক যথারীতি নিয়মিত বার্ষিক সাধারণ সভা আয়োজন করে আসছে, যার মাধ্যমে শেয়ারহোল্ডারদেরকে কোম্পানীর আর্থিক ফলাফল, অগ্রগতি, গুরুত্বপূর্ণ কার্যক্রম ও উন্নয়ন সম্পর্কে অবহিত করা হয়। ফলশ্রুতিতে শেয়ারহোল্ডাগণ কোম্পানী সম্পর্কে নানা ধরনের প্রয়োজনীয় তথ্য যথাসময়ে পেয়ে থাকেন।

## কৃতজ্ঞতা জ্ঞাপন

পরিচালনা পর্ষদের পক্ষ থেকে অব্যাহত সাহায্য ও সহযোগিতার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ, বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, রেজিষ্টার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিঃ, কোম্পানীর সম্মানিত পলিসিহোল্ডারগন, শেয়ারহোল্ডারগণ, উদ্যোক্তা ও পরিচালকবৃন্দ, কোম্পানীর ব্যাংকার সমূহ, সকল পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীগণকে আমাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, বিপনন কর্মকর্তাগণ এবং প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ২০২৩ সালে আমাদের এ অর্জনের জন্য তাদের নিরলস প্রচেষ্টা, দায়বদ্ধতা ও কর্মকুশলতার জন্য আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। একই সাথে কোম্পানীর উন্নতি ও প্রবৃদ্ধি অর্জনে অকুণ্ঠচিত্তে তাদের ভূমিকার জন্য জানাচ্ছি আন্তরিক কৃতজ্ঞতা।

পরিচালনা পর্ষদের পক্ষে

৩০ অক্টোবর, ২০২৪
ঢাকা

মাহফুজুর রহমান
চেয়ারম্যান